



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

আবরার ফাহাদ হত্যার দ্রুত বিচারের দাবিতে মানববন্ধন



৯ অক্টোবর, ২০১৯-বুধবার বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) শিক্ষার্থী আবরার ফাহাদ হত্যার দ্রুত বিচারের দাবিতে বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনার সম্মুখে জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির উদ্যোগে মানববন্ধন আয়োজিত হয়। এতে উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সহ-সভাপতি অধ্যাপক ড. মোঃ আনোয়ার হোসেনের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সিনিয়র শিক্ষকবৃন্দ বক্তব্য প্রদান করেন। মানববন্ধনটি সঞ্চালনা করেন শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. নূর মোহাম্মাদ। এসময় বক্তারা সরকারের উদ্দেশ্যে আবরার ফাহাদ হত্যার দ্রুত বিচারের দাবি করেন এবং দেশের সর্বোচ্চ শিক্ষাপ্রতিষ্ঠানে এধরনের কর্মকান্ডের তীব্র নিন্দা করেন। মানববন্ধনে বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, বিভাগীয় চেয়ারম্যানবৃন্দ, শিক্ষক-শিক্ষিকা এবং শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।